Bengali

NHS

# THE NHS CONSTITUTION

the NHS belongs to us all

## এনএইচএস্ সংবিধান

ইংল্যান্ড-এর জন্য
21 জানুয়ারী 2009

## এনএইচএস্ (NHS) জনসাধারণের সম্পত্তি।

এনএইচএস্-এর দায়িত্ব হলো আমাদের সকলের স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি করা, মানসিক ও শারীরিকভাবে সুস্থ থাকায়, আমরা অসুস্থ হলে আরোগ্যলাভ করায় এবং, যখন আমরা সম্পূর্ণ আরোগ্যলাভ করতে পারছি না, তখন আমাদের জীবনের শেষ দিনগুলি পর্যন্ত যথাসম্ভব ভালো থাকায় আমাদের সাহায্য করা। বিজ্ঞানের সর্বাধুনিক আবিষ্কারগুলি ব্যবহারের মাধ্যমে এই পরিষেবা কাজ করে - জীবন রক্ষা করার এবং স্বাস্থ্যের উন্নতি করার লক্ষ্যে মানুষের জ্ঞানের সর্বোচ্চ স্তরকে কাজে লাগায়। লোকজনের মূল চাহিদাগুলি পূরণ করার সময়ে এই পরিষেবা আমাদের জীবনকে স্পর্শ করে, যখন যত্ন ও সহানুভূতির প্রয়োজন সবচেয়ে বেশী।

এনএইচএস্ এক গুচ্ছ সর্বজনীন নীতি ও মূল্যবোধের ভিত্তিতে প্রতিষ্ঠিত, যেগুলি এই পরিষেবা যে'সব জনসম্প্রদায় ও লোকজনের - রোগীদের ও জনসাধারণের - সেবা করে তাদের এবং তার সমস্ত কর্মীকে এক সূত্রে আবদ্ধ করে।

**এই সংবিধান** ইংল্যান্ড-এ এনএইচএস্-এর বিভিন্ন **নীতি** ও **মূল্যবোধকে** প্রতিষ্ঠিত করছে। এটা সেইসব **অধিকারের** বিবরণ দিচ্ছে যেগুলি রোগীদের, জনসাধারণের ও কর্মীদের প্রাপ্য, এবং এনএইচএস্ যা যা করায় প্রতিশ্রুতিবদ্ধ সেগুলি সম্পন্ন করার, সেই সাথে জনসাধারণের, রোগীদের ও কর্মীদের পরস্পরের প্রতি **যে'সব দায়িত্ব** রয়েছে সেগুলি পালন করার **অঙ্গীকার** করছে যাতে নিশ্চিত করা যায় যে এনএইচএস্ ন্যায্য ও কার্যকরভাবে তার কর্তব্য করে' যাবে। সমস্ত এনএইচএস্ সংস্থার এবং এনএইচএস্-এর বিভিন্ন সেবা প্রদানকারী সমস্ত তৃতীয় ক্ষেত্রের সরবরাহকারীদের প্রতি আইনের নির্দেশ এই যে তাদের যাবতীয় সিদ্ধান্তগ্রহণে ও কর্মসম্পাদনে তারা যেন এই সংবিধানকে মান্য করে' চলে।

প্রতি বছর 10 অন্তর এই সংবিধানের নবীকরণ হবে, এবং এই প্রক্রিয়ায় জনসাধারণকে, রোগীদের ও কর্মীদের জড়িত করা হবে। এর সঙ্গে থাকবে 'হ্যান্ডবুক্ টু দ্য এনএইচএস্ কনস্টিটিউশন' (Handbook to the NHS Constitution) বা এনএইচএস্ সংবিধানের নির্দেশপুস্তিকা, যেটার নতুন সংস্করণ প্রকাশিত হবে কমপক্ষে প্রতি তিন বছর অন্তর, এবং তার মধ্যে সংবিধানের দ্বারা প্রতিষ্ঠিত সমস্ত অধিকার, প্রতিশ্রুতি, কর্তব্য ও দায়িত্বের বিবরণ দেওয়া থাকবে। নবীকরণের এইসব শর্ত আইনগতভাবে বলবৎযোগ্য হবে। এগুলি সুনিশ্চিত করবে এনএইচএস্-এর ভিত্তি যে'সব নীতি ও মূল্যবোধ সেগুলির পর্যালোচনা ও পুনঃপ্রতিশ্রুতিদান যেন নিয়মিত করা হয়; এবং কোন সরকার যদি কখনো এনএইচএস্-এর নীতিমালা ও মূল্যবোধের, অথবা এই সংবিধানে বর্ণিত বিভিন্ন অধিকার, প্রতিশ্রুতি, কর্তব্য ও দায়িত্ব পরিবর্তন করার চেষ্টা করে, তাকে জনসাধারণের, রোগীদের ও কর্মীদের সঙ্গে পূর্ণাঙ্গ ও স্বচ্ছ আলাপ-আলোচনা প্রক্রিয়া পরিচালনা করতে হবে।

# 1. এনএইচএস্ পরিচালনাকারী নীতিমালা

**এনএইচএস্-এর সমস্ত কাজকর্ম পরিচালিত হয় সাতটি মূল নীতির দ্বারা। তাদের ভিত্তি হলো কর্মীদের, রোগীদের ও জনসাধারণের সঙ্গে ব্যাপক আলোচনার মাধ্যমে নির্ধারিত কয়েকটা অন্তর্নিহিত এনএইচএস্ মূল্যবোধ। এইসব মূল্যবোধের বিবরণ এই দলিলটির পিছনে দেওয়া হয়েছে।**

**1. এনএইচএস্ এমন একটা ব্যাপক সেবা প্রদান করে যা,** লিঙ্গ, বর্ণ, প্রতিবন্ধকতা, বয়স, যৌন প্রবণতা, ধর্ম অথবা বিশ্বাস নির্বিশেষে, **প্রত্যেকেই পাওয়ার অধিকারী।** এই পরিষেবা যে'সব লোকজনের সেবা করে তাদের প্রতিটি ব্যক্তির প্রতি তার একটা কর্তব্য আছে এবং তাদের মানবাধিকারকে এটা অবশ্যই সম্মান করবে। একই সঙ্গে, তার একটা ব্যাপকতর সামাজিক দায়িত্ব হলো তার সরবরাহ করা বিভিন্ন সেবার মাধ্যমে সাম্যবিধান করা এবং সমাজের যে'সব গোষ্ঠির বা অংশের স্বাস্থ্য ও জীবনযাপনের স্তরের উন্নতির প্রত্যাশা সমগ্র জনসংখ্যার অবশিষ্ট অংশের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়, তাদের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া।

**2. এনএইচএস্-এর বিভিন্ন সেবা লাভ করার সুযোগের ভিত্তি হলো চিকিৎসাগত প্রয়োজন, তাদের ব্যয় বহন করায় ব্যক্তিবিশেষের আর্থিক সঙ্গতি নয়।** এনএইচএস্-এর সমস্ত সেবা পাওয়া যায় বিনা মূল্যে, পার্লামেন্ট বা সংসদের দ্বারা অনুমোদিত কয়েকটা সীমিত পরিস্থিতিতে ছাড়া।

**3. এনএইচএস্ উৎকর্ষ ও পেশাদারিত্বের সর্বোচ্চ মান অর্জনে সচেষ্ট** – এমন ধরনের যত্ন সরবরাহ করায় যা নিরাপদ, কার্যকর এবং রোগীদের অভিজ্ঞতার উপরে জোর দেয়; তার দেওয়া চিকিৎসাগত ও অন্যান্য সেবার পরিকল্পনায় এবং সরবরাহে; তার দ্বারা নিযুক্ত লোকজনের এবং তাদের শিক্ষা, প্রশিক্ষণ ও উন্নতির ক্ষেত্রে; তার বিভিন্ন সংগঠনের নেতৃত্ব ও ব্যবস্থাপনায়; এবং নতুন প্রযুক্তি ব্যবহারে ও জনসাধারণের বর্তমান ও ভবিষ্যৎ স্বাস্থ্য ও যত্নের মান উন্নত করার উদ্দেশ্যে গবেষণা পরিচালনা করায় তার প্রতিশ্রুতির বাস্তবায়নে।

**4. এনএইচএস্-এর সমস্ত সেবার মধ্যে রোগীদের, তাদের পরিবারবর্গের এবং তাদের যত্নবিধানকারীদের বিভিন্ন চাহিদা এবং পছন্দ-অপছন্দ অবশ্যই প্রতিফলিত হতে হবে।** রোগীদের যত্নবিধান ও চিকিৎসা সম্পর্কে সমস্ত সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় রোগীদের এবং, যেখানেই উপযুক্ত, তাদের পরিবারবর্গ ও যত্নগ্রহণকারীদের জড়িত করা হবে।

**5. এনএইচএস্ সমস্ত সাংগঠনিক সীমারেখা অতিক্রম করে' এবং রোগীদের, সমস্ত স্থানীয় জনসম্প্রদায়ের এবং সমগ্র জনসংখ্যার স্বার্থ রক্ষার লক্ষ্যে অন্যান্য সংগঠনের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে কাজ করে।** যে'সব নীতি ও মূল্যবোধ এখন সংবিধানে প্রতিফলিত, এনএইচএস্ তাদের দ্বারা একত্রীকৃত বিভিন্ন সংগঠন ও সেবার এক সুসংবদ্ধ পদ্ধতির অবিচ্ছেদ্য অংশ। এনএইচএস্ সমস্ত স্থানীয় কর্তৃপক্ষ এবং জাতীয় ও স্থানীয় স্তরে বহু ধরনের অন্যান্য বেসরকারী, সরকারী ও তৃতীয় ক্ষেত্রের সঙ্গে যৌথভাবে কাজ করার মাধ্যমে স্বাস্থ্য ও সুস্থতার উন্নতিবিধানের জন্য নানা ধরনের ব্যবস্থাগ্রহণে প্রতিশ্রুতিবদ্ধ।

**6. এনএইচএস্ করদাতাদের অর্থের সর্বাধিক সাশ্রয় এবং সমস্ত পার্থিব সঙ্গতির সবচেয়ে কার্যকর, ন্যায্য ও সংরক্ষণযোগ্য ব্যবহার সুনিশ্চিত করায় প্রতিশ্রুতিবদ্ধ।** স্বাস্থ্যের যত্নবিধানের জন্য বরাদ্দ করা সরকারী তহ্বিল কেবলমাত্র সেইসব লোকজনের উপকারের জন্যই ব্যবহার করা হবে এনএইচএস্ যাদের সেবা করে।

**7. এনএইচএস্ যে'সব লোকজন, জনসম্প্রদায় এবং রোগীর সেবা করে তাদের কাছে তার সমস্ত কাজকর্মের জন্য দায়বদ্ধ।** এনএইচএস্ জাতীয় স্তরে কর ধার্য ও আদায়ের মাধ্যমে অর্জিত অর্থের সাহায্যে পরিচালিত একটা জাতীয় পরিষেবা, এবং এনএইচএস্-এর পরিকাঠামো নির্ধারণ করে সরকার যে আবার তার কাজকর্মের জন্য পার্লামেন্ট বা সংসদের কাছে দায়বদ্ধ। তবে, এনএইচএস্-এ গৃহীত অধিকাংশ সিদ্ধান্ত, বিশেষতঃ যেগুলি ব্যক্তিবিশেষের চিকিৎসা এবং বিভিন্ন সেবার বিস্তারিত সংগঠনের সঙ্গে সম্পর্কিত, সেগুলি সঠিকভাবেই গ্রহণ করে স্থানীয় এনএইচএস্ এবং চিকিৎসকদের সঙ্গে একযোগে রোগীরা। এনএইচএস্-এ সিদ্ধান্তগ্রহণের ক্ষেত্রে দায়িত্ব ও দায়বদ্ধতার এই পদ্ধতি হওয়া উচিত জনসাধারণের, রোগীদের ও কর্মীদের কাছে স্বচ্ছ ও সুস্পষ্ট। সরকার নিশ্চিত করবে যে এই উদ্দেশ্যে এনএইচএস্-এর দায়বদ্ধতার একটা সুস্পষ্ট ও সর্বাধুনিক বিবৃতি যেন সব সময়েই পাওয়া যায়।

## 2a. রোগীরা এবং জনসাধারণ - আপনাদের বিভিন্ন অধিকার এবং আপনাদের প্রতি এনএইচএস্-এর অঙ্গীকার

**এনএইচএস্ ব্যবহারকারী প্রত্যেকেরই উচিত তাদের সমস্ত আইনগত অধিকার বুঝে নেওয়া। এই কারণে, জরুরী আইনগত অধিকারগুলির সারসংক্ষেপ এই সংবিধানে দেওয়া এবং হ্যান্ডবুক্ টু দ্য এনএইচএস্ কনস্টিটিউশন-এ আরো বিস্তরিতভাবে ব্যাখ্যা করা হয়েছে, যার মধ্যে এটাও ব্যাখ্যা করা হয়েছে যে আপনার কোন অধিকার আপনি পাননি মনে করলে আপনি কি করতে পারেন। এই সারসংক্ষেপ আপনার বিভিন্ন আইনগত অধিকারের বিষয়বস্তুর কোন পরিবর্তন করছে না।**

**যে'সব অঙ্গীকার কার্যকর করায় এনএইচএস্ প্রতিশ্রুতিবদ্ধ সেগুলিও সংবিধানে স্থান পেয়েছে। এইসব অঙ্গীকার সমস্ত আইনগত অধিকারের ঊর্ধে এবং তাদের সীমার বাইরে। এর অর্থ হলো যে অঙ্গীকারগুলি আইনগতভাবে বলবৎযোগ্য নয় কিন্তু উচ্চ মানের সেবা সরবরাহ করায় এনএইচএস্-এর প্রতিশ্রুতিকে প্রতিফলিত করছে।**

### বিভিন্ন স্বাস্থ্যগত সেবালাভের সুযোগ :

**আপনার অধিকার আছে** এনএইচএস্-এর সমস্ত সেবা বিনা মূল্যে পাওয়ার, কেবল পার্লামেন্ট-এর দ্বারা অনুমোদিত কয়েকটা সীমিত ব্যতিক্রমী ক্ষেত্রে ছাড়া।

**আপনার অধিকার আছে** এনএইচএস্-এর সমস্ত সেবালাভের সুযোগ পাওয়ার। কোন রকম অযৌক্তিক কারণেই এই সুযোগ থেকে আপনাকে বঞ্চিত করা যাবে না।

**আপনার অধিকার আছে** এমন প্রত্যাশা করার যে আপনার স্থানীয় এনএইচএস্ স্থানীয় জনসম্প্রদায়ের স্বাস্থ্যরক্ষার যাবতীয় চাহিদার মূল্যায়ন করবে এবং যেমন প্রয়োজন এইসব চাহিদা পূরণের লক্ষ্যে সমস্ত উপযুক্ত সেবা সংগঠিত করবে।

**আপনার অধিকার আছে** যে কয়েকটা পরিস্থিতিতে আপনি চিকিৎসা করানোর জন্য ইয়োরোপীয়ান ইকনমিক এরীয়ার অন্তর্গত অন্যান্য দেশে কিংবা স্যুইট্জারল্যান্ড-এ যেতে পারবেন, যে সুযোগ আপনার এনএইচএস্ সেবা সরবরাহকারীর মাধ্যমে পাওয়া যাবে।

**আপনার অধিকার আছে** নিশ্চিত হওয়ার যে এনএইচএস্-এর বিভিন্ন সেবা লাভ করার ক্ষেত্রে লিঙ্গ, বর্ণ, ধর্ম বা বিশ্বাস, যৌন প্রবণতা, প্রতিবন্ধকতা (শিক্ষাগত প্রতিবন্ধকতা অথবা মানসিক অসুস্থতাসহ) অথবা বয়স নির্বিশেষে কোন কারণেই আইন-বহির্ভূতভাবে আপনার প্রতি কোন ধরনের বৈষম্য প্রদর্শন করা যাবে না।[1]

### এনএইচএস্ এইসব প্রতিশ্রুতিও দেয় :

- হ্যান্ডবুক্ টু দ্য এনএইচএস্ কনস্টিটিউশন নামে পুস্তিকায় উল্লিখিত অপেক্ষার সময়ের মধ্যেই সুবিধাজনক, সহজলভ্য উপায়ে সমস্ত সেবা সরবরাহ করা হবে (অঙ্গীকার);
- সমস্ত সিদ্ধান্ত সুস্পষ্ট ও স্বচ্ছ হবে, যাতে রোগীরা এবং জনসাধারণ বুঝতে পারে বিভিন্ন সেবা কিভাবে পরিকল্পিত ও সরবরাহ করা হচ্ছে (অঙ্গীকার); এবং
- আপনাকে যদি এক পরিষেবার আওতা থেকে অন্য একটা পরিষেবার আওতায় পাঠানো হয়, সেই প্রক্রিয়া যেন যথাসম্ভব সহজ-সরল হয়, এবং প্রাসঙ্গিক সিদ্ধান্তগ্রহণে যেন আপনাকে জড়িত করা হয় (অঙ্গীকার)।

1 সরকারের ইচ্ছা, বিভিন্ন সেবা সরবরাহ করায় এবং সরকারী কর্মসম্পাদনে প্রাপ্তবয়স্কদের বিরুদ্ধে বয়সের ভিত্তিতে বৈষম্য প্রদর্শন অন্যায্য ঘোষণা করার উদ্দেশ্যে ইক্যুয়ালিটী বিল বা সাম্যবিধান আইনের প্রস্তাবকে কাজে লাগানো। পার্লামেন্ট বা সংসদের অনুমোদনসাপেক্ষে, বৈষম্যের শিকার না হওয়ার অধিকার সেই বয়স পর্যন্ত প্রযোজ্য হবে যখন প্রাসঙ্গিক ব্যবস্থাগুলিকে স্বাস্থ্যরক্ষার ক্ষেত্রের জন্য কার্যকর করা হবে।

## যত্ন এবং পরিবেশের মান :

**আপনার এই অধিকার আছে** যে পেশাদারী মানের যত্নের সাহায্যে, উপযুক্ত যোগ্যতাসম্পন্ন ও অভিজ্ঞ কর্মীদের দ্বারা, এবং সঠিকভাবে অনুমোদিত অথবা নথিভুক্ত যে সংগঠন নিরাপত্তা ও মানের প্রয়োজনীয় সমস্ত শর্ত[2] পূরণ করতে পারে তার দ্বারা আপনার চিকিৎসা করা হবে।

**আপনার অধিকার আছে** এটা প্রত্যাশা করার যে সমস্ত এনএইচএস্ সংগঠন তাদের দ্বারা সংগঠিত অথবা সরবরাহ করা স্বাস্থ্যের যত্নবিধান ব্যবস্থার মানের দিকে নজর রাখবে, এবং তার উন্নতি করার চেষ্টা করবে।

### এনএইচএস্ আরও প্রতিশ্রুতি দেয় :

- এটা নিশ্চিত করার যে সমস্ত সেবা সরবরাহ করা হবে একটা পরিচ্ছন্ন ও নিরাপদ পরিবেশে যেটা তার উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, এবং সর্বোত্তম জাতীয় আচরণবিধির ভিত্তিতে রচিত (অঙ্গীকার); এবং
- যে'সব সেবা আপনি লাভ করবেন তদের মান অব্যাহতভাবে উন্নত করে' চলা হবে, এবং যত্ন ও চিকিৎসার উপযুক্ত মান বজায় রাখার লক্ষ্যে সর্বোত্তম আচরণবিধি চিহ্নিত করা এবং সকলকে তাদের ভাগীদার করা হবে।

## জাতীয়ভাবে অনুমোদিত চিকিৎসাপদ্ধতি, ওষুধপত্র এবং কর্মসূচিসমূহ :

**আপনার এই অধিকার আছে** যে এনএইচএস্-এ ব্যবহারের জন্য NICE[3] যে'সব চিকিৎসাপদ্ধতি ও ওষুধপত্রের সুপারিশ করে সেগুলি সবই আপনি যেন পান, যদি আপনার ডাক্তার বলেন যে এগুলি আপনার চিকিৎসার জন্য উপযুক্ত।

**আপনার অধিকার আছে** এটা প্রত্যাশা করার যে অন্যান্য ওষুধপত্র এবং চিকিৎসাপদ্ধতি সম্পর্কে অর্থসংস্থানের সমস্ত স্থানীয় সিদ্ধান্ত যেন যাবতীয় প্রমাণ উপযুক্তভাবে বিবেচনা করার পর জাতীয় ভিত্তিতে গ্রহণ করা হয়। স্থানীয় এনএইচএস্ যদি কোন ওষুধ বা চিকিৎসার জন্য অর্থসংস্থান না করার সিদ্ধান্ত নেয় এবং আপনি বা আপনার ডাক্তার মনে করেন সেটা আপনার জন্য সঠিক, ঐ সিদ্ধান্তের ব্যাখ্যা তাদের আপনাকে দিতে হবে।

**আপনার এই অধিকার আছে** যে জয়েন্ট কমিটী অন ভ্যাক্‌সিনেশন অ্যান্ড ইমিউনাইজ়েশন (Joint Committee on Vaccination and Immunisation) এনএইচএস্ দ্বারা সংগঠিত একটা জাতীয় টীকাদান কর্মসূচির আওতায় আপনার জন্য যে'সব টীকা দেওয়ার সুপারিশ করছে সেগুলি সবই যেন আপনাকে দেওয়া হয়।

### এনএইচএস্ আরও প্রতিশ্রুতি দেয় :

- ইউকে ন্যাশনাল স্ক্রীনিং কমিটী (UK National Screening Committee) যে'সব স্বাস্থ্য পরীক্ষা কর্মসূচির সুপারিশ করবে সেগুলি সরবরাহ করা হবে।

## সম্মান, অনুমতি এবং গোপনীয়তা :

**আপনার অধিকার আছে** যে আপনার সমস্ত মানবাধিকারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে, মর্যাদা ও সম্মানের সঙ্গে আপনার চিকিৎসা করা হবে।

**আপনার অধিকার আছে** যে আপনাকে দেওয়া চিকিৎসায় আপনি আপত্তি জানাতে পারবেন, এবং আপনি সুস্পষ্টভাবে অনুমতি না দিলে বিশেষ কোন শারীরিক পরীক্ষা অথবা চিকিৎসার ব্যবস্থা আপনার জন্য করা হবে না। আপনার যদি সেই অনুমতি দেওয়ার ক্ষমতা না থাকে, সেটা সংগ্রহ করতে হবে এমন একজন লোকের কাছ থেকে যার আপনার তরফে অনুমতি দেওয়ার বৈধ অধিকার আছে, অথবা ঐ চিকিৎসা আপনার সর্বাধিক মঙ্গলের জন্য হতে হবে।[4]

---

2 সংক্রমণ নিয়ন্ত্রণ সম্পর্কে নথিভুক্তিকরণ পদ্ধতি কয়েকজন এনএইচএস্ সরবরাহকারীর ক্ষেত্রে 2009 থেকে এবং আরো ব্যাপকভাবে 2010 থেকে প্রযোজ্য হবে। হ্যান্ডবুক্ টু দ্য এনএইচএস্ কনস্টিটিউশন পুস্তিকায় আরো বিস্তরিত বিবরণ দেওয়া হয়েছে।

3 NICE (ন্যাশনাল ইনস্টিটিউট ফর হেলথ্ অ্যান্ড ক্লিনিক্যাল এক্সেলেন্স) একটা বেসরকারী এনএইচএস্ সংগঠন যেটা ওষুধপত্র এবং চিকিৎসাপদ্ধতি সম্পর্কে নির্দেশিকা রচনা করে। 'সুপারিশ' বলতে বোঝায় একটা NICE প্রযুক্তিগত মূল্যায়ন। প্রাইমারী কেয়ার ট্রাস্টগুলি সাধারণতঃ মূল্যায়ন প্রতিবেদন প্রকাশিত হওয়ার তারিখের তিন মাসের মধ্যেই NICE প্রযুক্তিগত মূল্যায়নের জন্য অর্থসংস্থান করায় দায়বদ্ধ।

4 মানসিক স্বাস্থ্য আইন 1983 অনুসারে যদি আপনাকে হাসপাতালে আটক রাখা হয় অথবা আপনি তদারকীসাপেক্ষ কমিউনিটী চিকিৎসার অধীনে থাকেন, আপনার মানসিক অসুস্থতার চিকিৎসার জন্য কিছু আলাদা নিয়ম প্রযোজ্য হতে পারে। যথাসময়ে এইসব নিয়মের ব্যাখ্যা আপনাকে দেওয়া হবে। এদের অর্থ হতে পারে যে আপনি সম্মতি না দিলেও আপনার মানসিক অসুস্থতার জন্য আপনার চিকিৎসা করা হবে।

**আপনার এই অধিকার আছে** যে আপনার প্রস্তাবিত চিকিৎসা সম্পর্কে আগাম তথ্য, যার মধ্যে থাকবে যে কোন উল্লেখযোগ্য ঝুঁকির ও সম্ভাব্য যে কোন বিকল্প চিকিৎসার বিবরণ, এবং চিকিৎসা না করার ঝুঁকির বিবরণ, আপনাকে দেওয়া হবে।

**আপনার অধিকার আছে** যে আপনার নিজস্বতা এবং চিকিৎসার গোপনীয়তা রক্ষা করা হবে এবং আপনি এই প্রত্যাশা করতে পারবেন যে আপনার সম্পর্কে সমস্ত বিবরণ এনএইচএস্-এর কাছে গোপনভাবে সংরক্ষিত থাকবে।

**আপনার অধিকার আছে** যে আপনার স্বাস্থ্য সম্পর্কে সমস্ত বিবরণ দেখার সুযোগ আপনি পাবেন। আপনার সর্বাধিক মঙ্গল নিশ্চিত করার উদ্দেশ্যে আপনার চিকিৎসার ব্যবস্থাপনার জন্যই এগুলি ব্যবহার করা হবে।

**এনএইচএস্ আরও প্রতিশ্রুতি দেয় :**

- আপনার যত্নের ব্যাপারে চিকিৎসকদের মধ্যে যে'সব চিঠিপত্র আদান-প্রদান হবে সেগুলি আপনাকে দেখানো হবে (অঙ্গীকার)।

## সব কিছু জেনেশুনে নির্বাচন করা :

**আপনার অধিকার আছে** যে আপনার জিপি প্র্যাক্‌টিস্ আপনি বেছে নিতে পারবেন, এবং ঐ প্র্যাক্‌টিস্ আপনার চিকিৎসা করতে রাজি হবে, যদি না আপত্তি করার কোন যুক্তিসঙ্গত কারণ থাকে, যে ক্ষেত্রে ঐসব কারণ আপনাকে জানিয়ে দেওয়া হবে।

**আপনার অধিকার আছে** যে আপনার জিপি প্র্যাক্‌টিস্-এর সঙ্গে যুক্ত যে কোন ডাক্তারকে আপনি বেছে নিতে পারবেন এবং ঐ প্র্যাক্‌টিস্ সেটা মেনে নেওয়ার চেষ্টা করবে।

**আপনার অধিকার আছে** যে আপনার পছন্দমতো এনএইচএস্ যত্ন আপনি বেছে নিতে পারবেন এবং তার জন্য প্রয়োজনীয় তথ্য আপনাকে দেওয়া হবে। কালক্রমে আপনার সামনে বিভিন্ন বিকল্পের পরিবর্তন হবে এবং তা নির্ভর করবে আপনার ব্যক্তিগত চাহিদার প্রকৃতির উপরে। হ্যান্ডবুক্ টু দ্য এনএইচএস্ কনস্টিটিউশন পুস্তিকায় বিস্তারিত বিবরণ দেওয়া আছে।

**এনএইচএস্ আরও প্রতিশ্রুতি দেয় :**

- স্থানীয় ও জাতীয় স্তরে যে'সব স্বাস্থ্যের যত্ন সেবা আপনি পেতে পারেন তাদের সম্পর্কে আপনাকে জানানো হবে (অঙ্গীকার); এবং
- আপনার স্বাস্থ্যের যত্ন-সংক্রান্ত বিভিন্ন সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়ায় আপনি যাতে সম্পূর্ণভাবে অংশ নিতে পারেন সে'জন্য সহজলভ্য, নির্ভরযোগ্য এবং প্রাসঙ্গিক তথ্য এবং কোন কিছু বেছে নেওয়ায় সহায়তা আপনাকে দেওয়া হবে। এদের মধ্যে থাকবে বিভিন্ন চিকিৎসা সেবা সম্পর্কে গুরুত্বপূর্ণ ও সঠিক তথ্য (অঙ্গীকার)।

## নিজের স্বাস্থ্যের যত্নের এবং এনএইচএস্-এর সঙ্গে জড়িত হওয়া :

**আপনার অধিকার আছে** যে আপনার স্বাস্থ্যের যত্ন সম্পর্কে আলোচনায় ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় আপনি জড়িত হতে পারবেন এবং সেটা করতে পারার জন্য প্রয়োজনীয় তথ্য আপনাকে দেওয়া হবে।

**আপনার অধিকার আছে** যে আপনি, সরাসরি অথবা আপনার প্রতিনিধিদের মাধ্যমে, স্বাস্থ্যের যত্ন সেবাগুলির পরিকল্পনার, তাদের উন্নতির এবংএইসব সেবা সরবরাহের ধরন পরিবর্তনের বিভিন্ন প্রস্তাব বিবেচনা করার সঙ্গে, এবং এইসব সেবা পরিচালনা করার পদ্ধতিকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় জড়িত হতে পারবেন।

**এনএইচএস্ আরও প্রতিশ্রুতি দেয় :**

- বিভিন্ন এনএইচএস্ সেবার পরিকল্পনা ও সরবরাহ প্রক্রিয়াকে প্রভাবিত করার এবং তাদের পরীক্ষা করে' দেখার জন্য প্রয়োজনীয় তথ্য আপনাকে দেওয়া হবে (অঙ্গীকার); এবং
- আপনার, আপনার পরিবারের, যত্নগ্রহণকারীদের এবং প্রতিনিধিদের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে কাজ করা হবে (অঙ্গীকার)।

## বিভিন্ন অভিযোগ এবং তাদের প্রতিকার :

**আপনার এই অধিকার আছে** যে আপনি যদি কোন এনএইচএস্ সেবা সম্পর্কে অভিযোগ করেন, তার বিষয়ে সুদক্ষ ব্যবস্থা নেওয়া এবং তার উপযুক্ত তদন্ত করা হবে।

**আপনার অধিকার আছে** যে আপনার অভিযোগ সম্পর্কে যে কোন তদন্তের ফলাফল আপনাকে জানানো হবে।

**আপনার অধিকার আছে** যে আপনার অভিযোগ সম্পর্কে এনএইচএস্ যে ব্যবস্থা নিয়েছে তাতে আপনি সন্তুষ্ট না হয়ে থাকলে ঐ অভিযোগ আপনি বেসরকারী হেলথ্ সার্ভিস্ ওম্বুডস্ম্যান (Health Service Ombudsman)-এর কাছে পেশ করতে পারবেন।

**আপনার অধিকার আছে** যে আপনি যদি মনে করেন একটা এনএইচএস্ সংস্থার কোন রকম অবৈধ কাজ বা সিদ্ধান্তের প্রত্যক্ষ প্রভাব আপনার উপরে পড়েছে, তাহলে আপনি বিচার বিভাগীয় পর্যালোচনার দাবি জানাতে পারবেন।

**আপনার অধিকার আছে** যে আপনার প্রতি কোনরকম অবহেলাপূর্ণ আচরণের দরুণ আপনার ক্ষতি হয়ে থাকলে আপনি ক্ষতিপূরণ দাবি করতে পারবেন।

### এনএইচএস্ আরও প্রতিশ্রুতি দেয় :

- আপনার অভিযোগ সম্পর্কে ব্যবস্থাগ্রহণ প্রক্রিয়া চলাকালীন সব সময়েই আপনার প্রতি ভদ্র আচরণ করা এবং আপনাকে উপযুক্ত সহায়তা দেওয়া হবে; এবং আপনি অভিযোগ করেছেন বলেই আপনার ভবিষ্যৎ চিকিৎসার উপরে কোনরকম বিরূপ প্রভাব পড়বে না (অঙ্গীকার);
- কোন রকম ভুলভ্রান্তি হয়ে থাকলে সেগুলি স্বীকার করা, মার্জনা চাওয়া, কোথায় কি ভুল হয়েছে তা ব্যাখ্যা করা এবং দ্রুত ও কার্যকরভাবে তাদের সংশোধন করা হবে (অঙ্গীকার); এবং
- এনএইচএস্-এর বিরুদ্ধে সমস্ত অভিযোগ ও দাবি থেকে এই পরিষেবার শিক্ষালাভ করা এবং তার সমস্ত সেবার উন্নতি করার জন্য এই শিক্ষাকে কাজে লাগানো নিশ্চিত করা হবে (অঙ্গীকার)।

## 2b. রোগীরা এবং জনসাধারণ – আপনাদের বিভিন্ন দায়িত্ব

**এনএইচএস্ আমাদের সকলেরই সম্পত্তি। এমন কিছু কাজ আছে যেগুলি আমরা সবাই নিজেদের জন্য এবং একে অন্যের জন্য করতে পারি, যাতে এই পরিষেবা কার্যকরভাবে কাজ করতে পারে, এবং সমস্ত সঙ্গতির ও উপকরণের দায়িত্বশীল ব্যবহার নিশ্চিত করা যায়।**

**আপনার সচেতন থাকা উচিত** যে আপনার নিজের, এবং আপনার পরিবারের, সুস্বাস্থ্য ও সুস্থতা নিশ্চিত করায় আপনি উল্লেখযোগ্য অবদান রাখতে, এবং তার জন্য কিছু ব্যক্তিগত দায়িত্ব পালন করতে পারেন।

**আপনার একটা জিপি প্র্যাক্টিস্-এ নাম লেখানো উচিত** – যেটা এনএইচএস্-এর যত্ন লাভ করার জন্য আপনার প্রধান সুযোগ।

**আপনার উচিত সমস্ত এনএইচএস্ কর্মীর ও রোগীর প্রতি সম্মানজনক আচরণ করা** এবং এই বিষয়ে সচেতন থাকা যে এনএইচএস্-এর ঘরবাড়িতে বা এলাকায় আপত্তিকর আচরণ করার দরুণ আপনার বিরুদ্ধে মামলা করা হতে পারে।

**আপনার উচিত** আপনার স্বাস্থ্য, অবস্থা এবং পরিস্থিতি সম্পর্কে সঠিক তথ্য সরবরাহ করা।

**আপনার উচিত সমস্ত অ্যাপয়েন্টমন্ট-এ উপস্থিত হওয়া** অথবা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে সেগুলি বাতিল করা। আপনি তা না করলে অপেক্ষার সর্বাধিক সময়ের মধ্যে চিকিৎসা লাভ করায়  সমস্যা হতে পারে।

**আপনার উচিত চিকিৎসার প্রতিটা ধাপ অনুসরণ করা** যাতে আপনি সম্মত হয়েছেন, এবং সেটা করায় সমস্যা হলে আপনার চিকিৎসকের সঙ্গে কথা বলা।

**আপনার উচিত** জনস্বাস্থ্যবিষয়ক সমস্ত গুরুত্বপূর্ণ কর্মসূচিতে অংশ নেওয়া, যেমন টীকাদান কর্মসূচি।

**আপনার উচিত নিশ্চিত করা** যে আপনার সমস্ত ঘনিষ্ঠ লোকজন যেন অঙ্গ-প্রত্যঙ্গ দান করার ব্যাপারে আপনার ইচ্ছা জানে।

**আপনার উচিত আপনার মতামত জানানো** – যে চিকিৎসা আপনি পেয়েছেন তার সম্পর্কে ইতিবাচক বা নেতিবাচক যাই হোক, এবং সেই সাথে আপনার কোন রকম বিরূপ প্রতিক্রিয়া হয়ে থাকলে সেটাও।

# 3a. কর্মীরা – আপনাদের অধিকার এবং আপনাদের প্রতি এনএইচএস্ অঙ্গীকার

**এনএইচএস্ যে'সব লোকজনের সেবা করে তাদের উপকারসাধনের লক্ষ্যে কর্মরত কর্মীদের নিষ্ঠা, পেশাদারী মনোভাব ও আন্তরিকতাই পরিস্থিতিতে প্রকৃত পরিবর্তন আনতে পারে। উচ্চ মানের যত্নবিধানের জন্য উচ্চ মানের কর্মস্থল প্রয়োজন, যেখানে সেবা নির্ধারণকারীরা ও সরবরাহকারীরা সকলেই সার্থক নিয়োগকারী হওয়ার চেষ্টা করবে।**

সমস্ত কর্মীর কাজ তাদের পুরষ্কৃত করার ও তৃপ্তি দেওয়ার মতো হবে, রোগীদের মঙ্গলের জন্য কাজ করার স্বাধীনতা ও আস্থা তাদের থাকবে। এর জন্য দরকার তাদের প্রতি বিশ্বাস রাখা, তাদের কথা মন দিয়ে শোনা। কাজের জায়গায় তাদের সম্মান দেখাতে হবে, রোগীদের যত্ন নেওয়ার উপযোগী সরঞ্জাম, প্রশিক্ষণ ও সহায়তা, এবং অভিজ্ঞতা লাভ ও উন্নতি করার সুযোগ তাদের দিতে হবে।

চিকিৎসামূলক কিংবা চিকিৎসা-বহির্ভূত সব ধরনের এনএইচএস্ কাজে নিযুক্ত সমস্ত কর্মীর এবং তাদের নিয়োগকারীদের প্রতি এই সংবিধান প্রযোজ্য। কর্মীরা যেখানেই কাজ করুক, সরকারী, বেসরকারী অথবা তৃতীয় ক্ষেত্রের সংগঠন যাই হোক, তারা এর আওতায় আসবে।

কর্মসংস্থান ও বৈষম্য-সংক্রান্ত সাধারণ আইনের আওতায় কর্মীদের ব্যাপক **আইনগত অধিকার** আছে। হ্যান্ডবুক্ টু দ্য এনএইচএস্ কনস্টিটিউশন পুস্তিকায় এগুলির সারসংক্ষেপ দেওয়া হয়েছে। উপরন্তু, কর্মসংস্থানের ব্যক্তিগত চুক্তির অন্তর্গত কিছু ধারা ও শর্তও কর্মীদের আরো কিছু অধিকার প্রদান করে।

অধিকারগুলির উদ্দেশ্য হলো এমনটা নিশ্চিত করায় সাহায্য করা যে কর্মীদের জন্য যেন :

- রোগীদের বিভিন্ন চাহিদার এবং যেভাবে লোকজন জীবনযাপন করে তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নমনীয় সুযোগ-সুবিধাসহ কাজ করার ভালো পরিবেশ রচনা করা হয়;
- বেতন ও চুক্তির ন্যায্য পরিকাঠামো নির্ধারিত হয়;
- কাজের জায়গায় জড়িত হওয়ার ও প্রতিনিধিত্ব পাওয়ার সুযোগ সৃষ্টি করা হয়;
- স্বাস্থ্যকর ও নিরাপদ কাজের শর্তাবলী নির্ধারণ করা এবং হয়রানি, হুমকি বা সহিংসতা থেকে মুক্ত পরিবেশ নিশ্চিত করা হয়;
- ন্যায্য, সমতাপূর্ণ এবং বৈষম্যবিহীন আচরণ পাওয়ার পরিবেশ সৃষ্টি করা হয়; এবং
- যেখানে মনে করা হচ্ছে যে কোন একটা অধিকার বলবৎ হয়নি, সেখানে ক্ষোভ প্রকাশের এবং প্রয়োজন হলে প্রতিকার চাওয়ার অভ্যন্তরীণ ব্যবস্থা নির্ধারণ করা হয়।

এইসব আইনগত অধিকার ছাড়াও, এনএইচএস্ কয়েকটা **অঙ্গীকার** কার্যকর করায় প্রতিশ্রুতিবদ্ধ। এইসব অঙ্গীকার আপনার আইনগত অধিকারগুলির উর্ধে ও তাদের গণ্ডীর বাইরে। এর অর্থ হলো তারা আইনগতভাবে বলবৎযোগ্য নয় কিন্তু কর্মীদের জন্য উচ্চ মানের কর্মসম্পাদন পরিবেশ রচনা করায় এনএইচএস্-এর প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে।

### এনএইচএস্ প্রতিশ্রুতি দেয় :

- সমস্ত কর্মীর জন্য সুস্পষ্ট ভূমিকা ও দায়িত্ব নির্ধারণ করা এবং দলগত ও ব্যক্তিগতভাবে পুরষ্কৃত হওয়ার উপযোগী কাজের ব্যবস্থা করা হবে, যেগুলি রোগীদের, তাদের পরিবারবর্গের এবং যত্নগ্রহণকারীদের ও বিভিন্ন জনসম্প্রদায়ের পরিস্থিতিতে প্রকৃত পরিবর্তনসাধন করবে (অঙ্গীকার);
- সমস্ত কর্মীকে ব্যক্তিগত উন্নতির, কাজের ক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষণের এবং সাফল্যলাভের জন্য নিয়মমাফিক ব্যবস্থাপনাগত সহায়তা পাওয়ার সুযোগ সরবরাহ করা হবে (অঙ্গীকার);
- কর্মীদের স্বাস্থ্য, সুস্থতা ও নিরাপত্তা সুরক্ষিত রাখার জন্য উপযুক্ত সহায়তাদান ও সুযোগ সৃষ্টি করা হবে (অঙ্গীকার); এবং
- কর্মীদের প্রভাবিত করে এমন সমস্ত সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় এবং তারা ব্যক্তিগতভাবে, প্রতিনিধি সংগঠনগুলির মাধ্যমে এবং স্থানীয় সহযোগিতামূলক কর্মসম্পাদনের ব্যবস্থাগুলির মাধ্যমে যে'সব সেবা সরবরাহ করে সেগুলির সঙ্গে তাদের জড়িত করা হবে। রোগীদের এবং তাদের পরিবারবর্গকে আরো ভালো ও নিরাপদ সেবা সরবরাহ করার জন্য উপযুক্ত পদ্ধতি নির্ণয়ের ও কাজে লাগানোর ক্ষমতা সমস্ত কর্মীকে দেওয়া হবে (অঙ্গীকার)।

# 3b. কর্মীরা - আপনাদের বিভিন্ন দায়িত্ব

**সমস্ত কর্মীরই জনসাধারণের, তাদের রোগীদের এবং সহকর্মীদের প্রতি কিছু দায়িত্ব আছে।**

গুরুত্বপূর্ণ আইনগত কর্তব্যসমূহের সারসংক্ষেপ নিচে দেওয়া হলো।

**আপনার কর্তব্য** হলো পেশাদারী দায়বদ্ধতা স্বীকার করা এবং আপনার পেশা বা ভূমিকার প্রতি প্রযোজ্য উপযুক্ত নিয়ন্ত্রক সংস্থার দ্বারা নির্ধারিত পেশাদারী আচরণের মান বজায় রাখা।

**আপনার কর্তব্য** হলো কাজের জায়গায় আপনার নিজের, আপনার দলের এবং অন্যদের স্বাস্থ্য ও নিরাপত্তার যুক্তিসঙ্গত যত্ন নেওয়া, এবং স্বাস্থ্যরক্ষা ও নিরাপত্তাবিধানের সমস্ত শর্ত মেনে চলা নিশ্চিত করার উদ্দেশ্যে নিয়েগকারীদের সঙ্গে সহযোগিতা করা।

**আপনার কর্তব্য** হলো আপনার নিয়োগের চুক্তির প্রকাশ্য ও অন্তর্নিহিত শর্তগুলি অনুসারে কাজ করা।

**আপনার কর্তব্য** হলো রোগীদের বা অন্য কর্মীদের প্রতি বৈষম্য প্রদর্শন না করা এবং সমান সুযোগ-সুবিধা এবং সাম্য ও মানবাধিকার-সংক্রান্ত নিয়মকানুন মেনে চলা।

**আপনার কর্তব্য** হলো আপনার কাছে সংরক্ষিত সমস্ত ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষা করা যদি না তেমন করলে কোন লোকের জন্য ঝুঁকি বা উল্লেখযোগ্য ক্ষতির সম্ভাবনা সৃষ্টি হয়।

**আপনার কর্তব্য** হলো কোন চাকরির আবেদন করার সময়ে এবং ঐ চাকরি করার সময়ে সততা ও সত্যবাদিতার পরিচয় দেওয়া।

এ'ছাড়াও সংবিধানে এমন কিছু প্রত্যাশাকে স্থান দেওয়া হয়েছে যেগুলির মধ্যে এনএইচএস্-এর সাফল্য সুনিশ্চিত করার এবং উচ্চ মানের যত্ন সরবরাহ করার জন্য কর্মীরা তাদের ভূমিকা কিভাবে পালন করবে তার প্রতিফলন ঘটেছে।

**আপনার লক্ষ্য হওয়া উচিত :**

- যে ধরনের যত্ন আপনি ব্যক্তিগতভাবে সরবরাহ করেন কেবল তার দায়িত্ব নেওয়া ছাড়াও, আপনার দলের এবং সামগ্রিকভাবে এনএইচএস্-এর বিভিন্ন লক্ষ্যের প্রতি আপনার ব্যাপকতর অবদানের দায়িত্ব নিয়ে, যত্নের ও সেবার সর্বোচ্চ মান বজায় রাখা;
- প্রশিক্ষণের এবং উন্নতির যে'সব সুযোগ কাজে লাগানো আপনার পদের ক্ষেত্রে আইনগত শর্ত সেগুলি ছাড়াও অন্যান্য যে'সব সুযোগ আপনার সামনে রয়েছে সেগুলিও গ্রহণ করা;
- রোগীদের, তাদের পরিবারবর্গের, যত্নগ্রহণকারীদের বা প্রতিনিধিদের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে কাজ করে' বিভিন্ন সেবার অবাহত উন্নতিবিধানে আপনার ভূমিকা পালন করা;
- রোগীদের, তাদের পরিবারবর্গের, যত্নগ্রহণকারীদের বা প্রতিনিধিদের সঙ্গে খোলাখুলি আচরণ করা, কোন রকম ভুল হয়ে থাকলেও; লোকজনের প্রতিক্রিয়াকে স্বাগত জানানো ও তা শোনা এবং যে কোন সমস্যার মোকাবেলা দ্রুত ও সহযোগিতার মনোভাব নিয়ে করার চেষ্টা করা। এমন একটা আবহ রচনায় আপনার অবদান রাখা উচিত যেখানে সত্য প্রকাশ পাবে এবং ভুলভ্রান্তির খবর দেওয়া ও তাদের কাছ থেকে শিক্ষালাভ করাকে উৎসাহ দেওয়া হবে; এবং
- যে'সব সেবা আপনি সরবরাহ করছেন, রোগীদের দৃষ্টিভঙ্গী থেকে তাদের দেখা, এবং রোগীদের, তাদের পরিবারবর্গকে ও যত্নগ্রহণকারীদের সঙ্গে, তাদের কমিউনিটী'র এবং অন্যান্য সংগঠনের সঙ্গে মিলে কাজ করার মাধ্যমে তাদের জন্য আপনার সরবরাহ করা বিভিন্ন যত্নের ও সেবার সঙ্গে তাদের জড়িত করা, এবং স্পষ্টভাবে তাদের বুঝিয়ে দেওয়া তাদের যত্নের দায়িত্ব কার।

# এনএইচএস্-এর বিভিন্ন মূল্যবোধ

**এনএইচএস্-কে উদ্দীপিত করে যে'সব মূল্যবোধ এবং একবিংশ শতকে যেগুলি তাকে পথনির্দেশনা দেবে সেগুলি নির্ধারণ করায় সাহায্য করেছে রোগীরা, জনসাধারণ ও কর্মীরা। বিভিন্ন সংগঠন ব্যক্তিগতভাবে, তাদের স্থানীয় চাহিদাগুলির সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে, নিজস্ব মূল্যবোধ রচনা ও তাদের নবরূপায়ন করবে। পরস্পরের মধ্যে ভাগ করা আশা-আকাঙ্খাগুলি চরিতার্থ করার সর্বজনীন ভিত্তি হবে এনএইচএস্-এর বিভিন্ন মূল্যবোধ।**

**সম্মান ও মর্যাদা।** আমরা প্রত্যেককে ব্যক্তি হিসাবে মূল্য দিয়ে থাকি, তাদের আশা-আকাঙ্খা ও জীবনের প্রতিশ্রুতিকে সম্মান করি, এবং তাদের বিভিন্ন অগ্রাধিকার, চাহিদা ও সীমাবদ্ধতা বুঝবার চেষ্টা করি। অন্যরা যা বলে তা সবই আমরা গুরুত্বের সঙ্গে বিবেচনা করি। আমাদের দৃষ্টিভঙ্গী সম্পর্কে এবং আমরা কি করতে পারি ও পারি না সে'সম্পর্কে আমরা সৎ।

**যত্নের উপযুক্ত মান নিশ্চিত করার প্রতিশ্রুতি।** আমাদের প্রতি জনসাধারণের যে আস্থা তা আমরা অর্জন করি উচ্চ মান বজায় রাখার উপরে জোর দিয়ে এবং সর্বদাই ন্যূনতম শর্তগুলি পূরণ করার চেষ্টার মাধ্যমে : নিরাপত্তা, গোপনীয়তা, পেশাদারী ও ব্যবস্থাপনাগত নিষ্ঠা, দায়বদ্ধতা, নির্ভরযোগ্য সেবা এবং উত্তম আদান-প্রদান। সকলের মতামতকে আমরা স্বাগত জানাই, আমাদের ভুল থেকে শিক্ষা গ্রহণ করি এবং আমাদের সাফল্যের সীমাকে ক্রমাগত প্রসারিত করে' চলি।

**সহানুভূতি।** প্রতিটি ব্যক্তির ব্যথাবেদনা, কষ্ট, উদ্বেগ বা চাহিদার প্রতি আমরা মানবতাবোধ ও সহৃদয়তার সঙ্গে সাড়া দিয়ে থাকি। যে কাজই আমরা করি না কেন, সেটা যত ছোটই হোক, আমরা সান্ত্বনা দেওয়ার ও কষ্ট লাঘব করার চেষ্টা করি। আমরা যাদের সেবা করি, যাদের পাশাপশি কাজ করি তাদের জন্য আমরা সময় খুঁজে বার করি। আমাদের কাছে কারো কিছু চাইতে হয় না, কারণ সব কাজেই আমরা আন্তরিক যত্নশীল।

**জীবনের মান উন্নয়ন।** আমরা স্বাস্থ্য ও সুস্থতা এবং এনএইচএস্ সম্পর্কে লোকজনের অভিজ্ঞতা উন্নত করায় সচেষ্ট। উৎকর্ষ ও পেশাদারিত্বের সন্ধান আমরা যেখানেই পাই সেখানেই তাকে মূল্য দিয়ে থাকি - চিকিৎসাপদ্ধতির, সেবার মানের উন্নতির পাশাপাশি যে'সব জিনিষ লোকজনের দৈনন্দিন জীবনকে আরো উন্নত করতে পারে, সেইসাথে নতুন পদ্ধতি বা প্রক্রিয়ার প্রয়োগ।

**রোগীদের জন্য একসাথে মিলে কাজ করা।** কর্মীদের, রোগীদের, যত্নগ্রহণকারীদের, বিভিন্ন পরিবারের ও জনসম্প্রদায়ের, এবং এনএইচএস্-এর বাইরেও পেশাজীবিদের সঙ্গে হাত মিলিয়ে আমাদের সমস্ত কাজেই আমরা রোগীদের সবচেয়ে আগে স্থান দিয়ে থাকি। রোগীদের এবং বিভিন্ন জনসম্প্রদায়ের যাবতীয় চাহিদাকে আমরা সমস্ত সাংগঠনিক সীমারেখার চেয়ে বেশী গুরুত্বপূর্ণ বিবেচনা করি।

**প্রত্যেকেই গুরুত্বপূর্ণ।** আমাদের সমস্ত সঙ্গতি আমরা সমগ্র সমাজের উপকারের জন্য ব্যবহার করি, এবং নিশ্চিত করি যে কেউই যেন বাদ না যায় বা পিছনে পড়ে না থাকে। আমরা স্বীকার করি যে কিছু লোকের আরো বেশী সাহায্য দরকার হতে পারে, যে অনেক সময়েই কঠিন সিদ্ধান্ত নিতে হয় - এবং যখন আমরা সঙ্গতির অপচয় করছি তখন আমরা অন্যদের সুযোগ নষ্ট করছি। আমরা সচেতন যে নিজেদের এবং আমাদের সমস্ত জনসম্প্রদায়ের স্বাস্থ্যের আরো উন্নতি করার কাজে আমাদের সকলেরই একটা ভূমিকা আছে।

এই পুস্তিকা ইংরেজী ভাষার সংস্করণের অনুবাদ, যা ওয়েবসাইট www.dh.gov.uk/nhsconstitution থেকে পাওয়া যাবে। অনুবাদ যাতে বিষয়বস্তুর সঙ্গে সঙ্গতিপূর্ণ হয় তা নিশ্চিত করার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে, কিন্তু কোথাও কোন বিভ্রান্তি সৃষ্টি হলে ঘটলে ইংরেজী ভাষার সংস্করণকেই যথার্থ ধরে নিতে হবে।

© Crown copyright 2009
292617/Bengali 0.5k Mar 09 (Mar)
ডিপার্টমেন্ট অভ্ হেলথ্ দ্বারা রচিত।
এই প্রচারপত্রের আরো কপির জন্য ওয়েবসাইট www.orderline.dh.gov.uk দেখুন
এবং 292617 The NHS Constitutiom উল্লেখ করুন।
টেলিফোন : 0300 123 1002 ফ্যাক্স : 01623 724 524
মিনিকম : 0300 123 1003 (সকাল 8 থেকে সন্ধ্যা 6, সোম থেকে শুক্রবার)